নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
Narayanganj City Corporation
নগর ভবন, ১০, বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।
www.ncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-এনসিসি/প্রশাঃ/সাধাঃ/৫৯(২)/২০১২/ ৭২(৩৮) তারিখঃ ৩০ /১১/২০২৩খ্রিঃ

বিষয়ঃ বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সাধারন সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আগামী ০৪/১২/২০২৩খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় স্থায়ী কমিটির সভাপতি জনাব অসিত বরন বিশ্বাস, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫, মহোদয়ের সভাপতিত্বে ফুড এন্ড স্যানিটেশন কর্মকর্তা সাহেবের কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আবশ্যিকভাবে উপস্থিত থেকে আপনি/আপনাকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হ'ল।

(মোঃ আলমগীর হিরন)
সদস্য সচিব
বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং-এনসিসি/প্রশাঃ/সাধাঃ/৫৯(২)/২০১২/ ৭২(৩৮) তারিখঃ ৩০ /১১/২০২৩খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলোঃ</u>

১) জনাব অসিত বরণ বিশ্বাস, কাউন্সিলর ওয়ার্ড নং-১৫, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি, নারয়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মিনোয়ারা বেগম, সংরক্ষিত কাউন্সিলর ওয়ার্ড নং-১০,১১,১২, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি, নারয়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ রুহুল আমিন মোল্লা, কাউন্সিলর ওয়ার্ড নং-০৮, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি, নারয়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ রিয়াদ হাসান, কাউন্সিলর ওয়ার্ড নং-১৬, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি, নারয়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) মাননীয় মেয়র মহোদয়, সদস্য, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) জনাব শ্যামল চন্দ্র পাল, পরিচ্ছন্ন কর্মকর্তা, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) অফিস কপি।

(মোঃ আলমগীর হিরন)
সদস্য সচিব
বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

AHC/F:/NOF/WestManagementStandingCommittee-2023.Doc

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
Narayanganj City Corporation
নগর ভবন, ১০, বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।
www.ncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-এনসিসি/প্রশা/সাধা:/৫৯/২০১২-১৬/ তারিখঃ /১২/২০২৩খ্রিঃ

## বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির নিয়মিত সভার কার্য বিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | অসিত বরন বিশ্বাস<br>সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি,<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ০৪/১২/২০২৩ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | ৮ম তলা, সভা কক্ষ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।**

সভাপতি মহোদয় সভার শুরুতে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের অগ্রগতি বিষয়ক বিস্তারিত আলোচনা হয়।

আলোচ্যসূচী-১: সংগৃহীত ময়লা পৃথকী করণে STS নির্মান প্রসঙ্গে।

আলোচনা: জনাব রুহুল আমিন মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নং-৮, জানান উন্নত বিশ্বের ন্যায় অত্র নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন ২৭টি ওয়ার্ডের এলাকাগুলোতে ওয়েষ্ট কালেক্টর হাউজ বা STS তৈরী করার প্রস্তাবনা রাখেন। এ বিষয়ে সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ সহমত প্রকাশ করেন।

প্রস্তাবনা: উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ সহ উর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় নির্দেশনা ও অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

আলোচ্যসূচী-২: দ্রুত ময়লা অপসারনের জন্য পর্যাপ্ত ছোট পে-লোডার/স্কীড লোডার ক্রয় করা।

আলোচনা: বর্তমানে শুধুমাত্র নারায়ণগঞ্জ অঞ্চলে ০২টি পে-লোডার কর্মরত রয়েছে। এর মধ্যে কোন একটি লোডার যান্ত্রিক ত্রুটির জন্য নষ্ট হলে যথা সময়ে ময়লা-আবর্জনা অপসারনে বিঘ্ন ঘটে। এমতাবস্থায়, ময়লা-আবর্জনা অপসারনের জন্য কমপক্ষে আরো ৫ (পাঁচ) টি পে-লোডার ক্রয়ের বিষয়ে আলোচনা হয়।

প্রস্তাবনা: উপরোক্ত আলোচনায় সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ সহ উর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় নির্দেশনা ও অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়।

আলোচ্যসূচী-৩: উচ্ছেদ অভিযান পরিচালনা করা প্রসঙ্গে।

আলোচনা : অধিকাংশ সময়ে উচ্ছেদ অভিযান করা হলেও পুনরায় ফুটপাথ দখল হয়ে যায়। এছাড়াও নির্মান সামগ্রী যেমন : ইট, বালি, পাথর ইত্যাদি রাস্তায় রাখায় ধুলাবালি সহ পথচারীদের যাতায়াতে সমস্যা এবং রাস্তায় যানবাহন চলাচলে বিঘ্ন ঘটে। এ বিষয়ে উচ্ছেদ অভিযান পরিচালনা করার বিষয়ে আলোচনা করা হয়।

প্রস্তাবনা: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় উল্লেখিত সমস্যা চিহ্নিত ওয়ার্ড সমূহে উচ্ছেদ অভিযান পরিচালনা করা যেতে পারে।

আলোচ্যসূচী-৪: বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের মালামাল ক্রয় সংক্রান্ত বিষয়।

আলোচনা : বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার জন্য নিয়মিত কঞ্জারভেন্সি কাজের মালামাল যেমন: ঝাড়ু, টুকরী, পাঞ্জা ইত্যাদির প্রয়োজন হয়। এ মালামাল দ্রুত সময়ে সরবরাহের বিষয়ে আলোচনা হয়।

প্রস্তাবনা: এ বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক তিন থেকে চার সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে চাহিদা মোতাবেক কঞ্জারভেন্সি মালামাল ক্রয়ের ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।

আলোচ্যসূচী-৫: পরিচ্ছন্ন পরিদর্শক/পরিচ্ছন্ন সুপারভাইজারদের স্ব স্ব কাউন্সিলর কার্যালয়ে হাজিরা গ্রহনের করা।

আলোচনা: জনাব মিনোয়ারা বেগম, সংরক্ষিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১০,১১,১২, জানান পরিচ্ছন্ন পরিদর্শক/পরিচ্ছন্ন সুপারভাইজারগণ সকালে অফিসে গিয়ে হাজিরা দিতে গেলে মাঠে অনেক কাজ পড়ে থাকে। বিশেষ করে ১০ থেকে ১৩ নং ওয়ার্ডের পরিচ্ছন্ন পরিদর্শক/পরিচ্ছন্ন সুপারভাইজারগণের বাবদ অনেক টাকা রিক্সা ভাড়া খরচ হয়। এছাড়াও কাউন্সিলরদের কাছে জবাবদিহিতার সুযোগ কম থাকে। এমতাবস্থায়, কর্তৃপক্ষের সাথে পরামর্শক্রমে পরিচ্ছন্ন পরিদর্শক/পরিচ্ছন্ন সুপারভাইজারদের হাজিরা কাউন্সিলরের কার্যালয়ে রাখার জন্য প্রস্তাব রাখা হয়।

প্রস্তাবনা : কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে এ ব্যপারে সিদ্ধান্ত গৃহীত হবে।

আলোচ্যসূচী-৬: শশ্মান এবং কবরস্থানে মাদকসেবী এবং মাদক ব্যাবসায়ীদের জন্য আইনি ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

আলোচনা : নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কেন্দ্রীয় শশ্মান ও কবরস্থানে অনেক সময়ে মাদক ব্যাবসায়ী ও মাদক সেবীরা মাদক কেনা বেচা করে থাকে যা সিটি কর্পোরেশনের সুনামকে নষ্ট করছে। তাছাড়া যুব সমাজকে ধ্বংস করার পাশাপাশি ধর্মীয় অনুশাসনে ব্যঘাত ঘটছে।

সিদ্ধান্ত : শ্মশানে ও গোরস্থানে কর্মরত পুরোহিত, মোল্লা ও কেয়ার টেকারদের এ বিষয়ে অধিকতর সতর্কতার সহিত কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

০৪.১২.২৩

(অসিত বরন বিশ্বাস)
সভাপতি
বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি,
কাউন্সিলর, ১৫নং ওয়ার্ড,
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**অনুলিপি সদয় অবগতি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-**

১) প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মিনোয়ারা বেগম, সংরক্ষিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১০,১১,১২, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি, নারয়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ রুহুল আমিন মোল্লা, কাউন্সিলর ওয়ার্ড নং-০৮, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি, নারয়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ রিয়াদ হাসান, কাউন্সিলর ওয়ার্ড নং-১৬, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি, নারয়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা (ভারঃ), বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) পরিচ্ছন্ন কর্মকর্তা, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) পি.এস টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।)
৮) জনাব ..................................

০৪.১২.২৩

(অসিত বরন বিশ্বাস)
সভাপতি
বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি,
কাউন্সিলর, ১৫নং ওয়ার্ড,
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
Narayanganj City Corporation
নগর ভবন, ১০, বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।
www.ncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

তারিখঃ ০৪/১২/২০২৩খ্রিঃ

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায়

স্থানঃ ........................ কক্ষে।

## বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সাধারন সভার উপস্থিতির তালিকাঃ-

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব অসিত বরণ বিশ্বাস,<br>কাউন্সিলর ওয়ার্ড নং-১৫,<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সভাপতি | [signature] ০৪.১২.২৩ |
| ২ | জনাব মিনোয়ারা বেগম,<br>সংরক্ষিত কাউন্সিলর ওয়ার্ড নং-১০,১১,১২,<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | [signature] |
| ৩ | জনাব মোঃ রুহুল আমিন মোল্লা,<br>কাউন্সিলর ওয়ার্ড নং-০৮,<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ঐ | [signature] ০৪/১২/২৩ |
| ৪ | জনাব মোঃ রিয়াদ হাসান,<br>কাউন্সিলর ওয়ার্ড নং-১৬,<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ঐ | |
| ৫ | মাননীয় মেয়র মহোদয়,<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ঐ | |
| ৬ | জনাব শ্যামল চন্দ্র পাল,<br>পরিচ্ছন্ন কর্মকর্তা,<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ঐ | [signature] ০৪.১২.২৩ |
| ৭ | জনাব মোঃ আলমগীর হিরন,<br>ফুড এন্ড স্যানিটেশন অফিসার,<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য সচিব | [signature] ০৪.১২.২৩ |